

গ্রেটার মানচেষ্ঠারে বিশাল কমিউনিটি সমাবেশে বক্তারা রয়েল বেঙ্গল এয়ারলাইন ভবিষ্যৎ প্রজন্মের জন্য বর্তমান প্রজন্মের এক যুগান্তকারী উপহার

প্রবাসী বাংলাদেশীদের প্রতিষ্ঠিত প্রথম আন্তর্জাতিক এয়ারলাইন “রয়েল বেঙ্গল এয়ারলাইন” গত সোমবার ১২ ফেব্রুয়ারী ২০০৭ তারিখে ওল্ডহামের উইন্ডসর রোডে অবস্থিত মেনসিস্ এভান্ট হোটেলের মিলব্রোক হলে আয়োজিত সেমিনারের মাধ্যমে রয়েল বেঙ্গল এয়ারলাইনের পরিচালক বৃন্দের নিজস্ব পরিচিতি ও বিনিয়োগের আহ্বান জানিয়ে বৃহত্তর মানচেষ্ঠারে তাদের কার্যক্রম শুরু করে।

প্রায় দুই শতাধিক অতিথিদের উপস্থিতিতে আয়োজিত সেমিনারে রয়েল বেঙ্গল এয়ারলাইনের প্রাণবন্ত এবং স্বভাব সুলভ পরিবেশনা আগত অতিথিদের মুগ্ধ করে। সেমিনারে উপস্থিত বিভিন্ন পেশার লোকজন রয়েল বেঙ্গল এয়ারলাইনে তাদের বিনিয়োগের সুযোগ করে দেবার জন্য ধন্যবাদ জানান ও এই উদ্যোগের সফল ভবিষ্যত কামনা করেন। অতিথি হিসেবে বক্তব্য রাখেন গ্রেটার সিলেট কাউন্সিল ইন ইউকে’র চেয়ারপার্সন মনছব আলী জেপি। তিনি এয়ারলাইনের উদ্যোক্তাদের অভিনন্দন জানিয়ে বলেন, উচ্চ শিক্ষিত আর উদ্যমী একদল তরুণ এরকম একটি বৃহৎ উদ্যোগ নিয়েছে তা সত্যিই প্রশংসনীয়। তিনি তাদের সফলতা কামনা করে কমিউনিটির সবাইকে সবধরনের সহযোগীতা করার আহ্বান জানান।

কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক সেলিম রহমান উপস্থিত সবাইকে অভিনন্দন জানান। তিনি এখন পর্যন্ত দু’টি এয়ারক্রাফট ক্রয় সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদিত হয়েছে বলে জানান এবং রয়েল বেঙ্গল এয়ারলাইন অতি দ্রুত বাংলাদেশে তাদের আভ্যন্তরিন এবং আঞ্চলিক গন্তব্যে যাত্রা শুরু করতে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, আগামী দু’এক মাসের মধ্যেই রয়েল বেঙ্গল এয়ারলাইন বাংলার আকাশে তার স্বপ্নের যাত্রা শুরু করতে যাচ্ছে। তিনি আরও উল্লেখ করেন তাদের চুক্তিকৃত মোট দশটি এয়ারক্রাফটের বাকীগুলোও ক্রমান্বয়ে এসে পৌঁছাবে।

পরিচালক আব্দুল শুকুর খালিসাদার তাদের এই উদ্যোগকে সময়োপযোগী, বৈপ্লবিক এবং সাহসী উল্লেখ করে বলেন, আমাদের এই উদ্যোগ হবে আগামী প্রজন্মের প্রতি বর্তমান প্রজন্মের উপহার স্বরূপ।

রয়েল বেঙ্গল এয়ারলাইন বৃহত্তর মানচেষ্ঠারবাসীদের উদ্দেশ্যে বলেন, যদিও তারা লন্ডন-ঢাকা-সিলেট ও বার্মিংহাম-ঢাকা-সিলেট রুটের মাধ্যমে তারা তাদের যাত্রা শুরু করতে যাচ্ছে কিন্তু খুব শিঘ্রই তারা মানচেষ্ঠার-ঢাকা-সিলেট রুটেও তাদের কার্যক্রম শুরুর পরিকল্পনা রয়েছে।

পরিচালক ফরহাদ হোসেইন তার বক্তব্যে বিনিয়োগের বিস্তারিত সহজভাবে উপস্থিত সকলকে অবহিত করেন। তার বক্তব্যে তাদের কোম্পানীকে একটি সফল টিম ওয়ার্কের ফসল বলে উল্লেখ করে তাদের ইউকে আইনজিবি, একাউন্টেন্ট এবং এভিয়েশন কন্সালটেন্ট সম্পর্কে সকলকে অবহিত করেন।

প্রতিষ্ঠাতা পরিচালক জনাব মিজানুর রহমান তার বক্তব্যে উপস্থিত সুধিজনদের কোম্পানীর বিচ্চারিত অবহিত করেন। উনি তার বক্তব্যে উল্লেখ করেন যে বাংলাদেশ সিভিল এভিয়েশন কর্তৃক অনুমোদিত গত বছরের জুলাই মাসে প্রাপ্ত লাইসেন্স নং ১০৫ যা কিনা তাদেরকে বাংলাদেশের আভ্যন্তরিন আঞ্চলিক ও আন্তর্জাতিক রুটে যাত্রী ও মালামাল পরিবহনের অনুমতি প্রদান করে। তিনি আরও উল্লেখ করেন, বাংলাদেশে তারা এভিয়ানা এয়ারওয়েজ লিমিটেড এবং ইউকেতে আরবি এয়ারলাইন লিমিটেড হিসেবে কোম্পানী হাউসে তালিকাভুক্ত। দু'দেশেই তারা তাদের কার্যক্রমে ট্রেডিং নাম হিসেবে “রয়েল বেঙ্গল এয়ারলাইন ” ব্যবহার করছে।

দুটি পর্যায়ে বিভক্ত সেমিনারের প্রথম ভাগ পরিচালনা করেন আব্দুল মালিক আহাদ এবং দ্বিতীয় অংশ পরিচালনা করেন রয়েল বেঙ্গল এয়ারলাইনের এসোসিয়েট ডাইরেক্টর ফকরুল হোসেন। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন মুজাহিদ খান।

সেমিনারের বিভিন্ন অংশে আরও বক্তব্য রাখেন রয়েল বেঙ্গল এয়ারলাইনের ভাইস-চেয়ার মারুক মিয়া, ফাউন্ডার ডাইরেক্টর শাহিদুল ইসলাম, রিজিওনাল ডাইরেক্টর নাসির খান প্রমুখ।